তিন সংসদীয় আসনের উপনির্বাচনে লাঙলের মনোনয়ন পেলেন যারা

চেম্বার ডেস্ক:: আগামী ১৪ জুলাই অনুষ্ঠেয় ঢাকা-১৪, সিলেট-৩ ও কুমিল্লা-৫ আসনের উপনির্বাচনে দলীয় প্রার্থীর নাম ঘোষণা করেছে জাতীয় পার্টি।

বুধবার বেলা ১১টায় জাতীয় পার্টি চেয়ারম্যানের বনানী কার্যালয় মিলনায়তনে পার্টি চেয়ারম্যান ও বিরোধী দলীয় উপনেতা জিএম কাদের এমপির সভাপতিত্বে অনুষ্ঠিত মনোনয়ন বোর্ডের সভায় মনোনীত প্রার্থীদের নাম ঘোষণা করা হয়।

জাতীয় পার্টি মনোনীত প্রার্থীরা হচ্ছেন- মোস্তাকুর রহমান মোস্তাক (ঢাকা-১৪), মোহাম্মদ আতিকুর রহমান (আতিক) সিলেট-৩ এবং মো. জসিম উদ্দিন (কুমিল্লা-৫)।

জাতীয় পার্টির সিনিয়র কো-চেয়ারম্যান ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ এমপি, মহাসচিব জিয়াউদ্দিন আহমেদ বাবলু, কো-চেয়ারম্যান সৈয়দ আবু হোসেন বাবলা এমপি, কো-চেয়ারম্যান ও সাবেক প্রতিমন্ত্রী অ্যাডভোকেট সালমা ইসলাম এমপি, প্রেসিডিয়াম সদস্য গোলাম কিবরিয়া টিপু এমপি, অ্যাডভোকেট শেখ মুহাম্মদ সিরাজুল ইসলাম, অতিরিক্ত মহাসচিব (সিলেট বিভাগ) এটিইউ তাজ রহমান, অতিরিক্ত মহাসচিব (চট্টগ্রাম বিভাগ) অ্যাডভোকেট মো. রেজাউল ইসলাম ভূঁইয়া, অতিরিক্ত মহাসচিব (ঢাকা বিভাগ) লিয়াকত হোসেন খোকা এমপি মনোনয়ন বোর্ডের সভায় উপস্থিত ছিলেন।